

এইচএসসির ফল প্রকাশ

# রাজধানীর কলেজে কলেজে বাঁধভাঙা উল্লাস

নিজস্ব  
প্রতিবেদক২৬ নভেম্বর,  
২০২৩ ১৪:২৪

শেয়ার

অ +

অ -



এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়ার পর উল্লাসে মেতে ওঠেন শিক্ষার্থীরা। ছবি: কালের কণ্ঠ

একদিকে ঢাকঢোল অন্যদিকে চিৎকার। কেউ কেউ 'ভি' চিহ্ন দেখিয়ে তুলছেন সেলফি। আবার কেউবা একে অন্যকে জড়িয়ে ধরে গাইছেন গান, কেউ নাচছেন ঢোলের তালে তালে।

আজ রবিবার এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়া পর রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে এভাবেই উল্লাসে মেতে ওঠেন শিক্ষার্থীরা।

শুধু শিক্ষার্থীরাই নয়, তাদের এমন বাঁধভাঙা আনন্দ ভাগাভাগি করেন শিক্ষক ও অভিভাবকরাও।

সকাল ১০টায় গণভবন থেকে এইচএসসি ও সমমানের ফলাফল উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর বেলা ১১টায় শিক্ষার্থীদের জন্য ফলাফল উন্মুক্ত করা হয়।

এ বছর ৯টি সাধারণ মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডসহ ১১টি বোর্ডের অধীনে সাড়ে ১৩ লাখের বেশি শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছেন।

এ বছর পাসের হার ৭৮.৬৪ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৯২ হাজার ৩৬৫ জন।

গত বছরের তুলনায় এ বছর পাসের হার ও জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী কমেছে। ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় পাসের হার ছিল ৮৫.৯৫ শতাংশ এবং জিপিএ-৫ পাওয়ার শিক্ষার্থীর সংখ্যা ছিল এক লাখ ৭৬ হাজার ২৮২।

রাজধানীর ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজ থেকে পরীক্ষায় অংশগ্রহণ করেছেন ২ হাজার ৫৬১ জন। যেখানে পাসের হার ৯৮.৬৫ শতাংশ এবং জিপিএ-৫ পেয়েছেন এক হাজার ১৬৬ জন বা ৪৫.৫৩ শতাংশ শিক্ষার্থী।

রাজধানীর আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ মতিঝিল থেকে এক হাজার ১৩৩ জন অংশগ্রহণকারী পরীক্ষার্থীর মধ্যে পাসের হার ৯৯.৬৮ শতাংশ এবং জিপিএ-৫ পেয়েছে ২৮.৬৭ শতাংশ শিক্ষার্থী।

ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কেকা রায় চৌধুরী কালের কণ্ঠকে বলেন, করোনার কারণে শিক্ষার্থীরা দুই বছর ক্লাস করার সুযোগ পায়নি। পাঠদান ব্যাহত হওয়ায় ফলাফল কিছুটা খারাপ হয়েছে।

তবে পরবর্তী বছর থেকে ফলাফল আরো ভালো হবে বলে প্রত্যাশা করেন তিনি।

শিক্ষার্থীরা জানায়, বিগত বছরগুলোর তুলনায় ঢাকা বোর্ডের প্রশ্ন কিছুটা কঠিন ছিল। প্রশ্নের ধরন ভিন্ন থাকায় শিক্ষার্থীদের কিছুটা হিমশিম খেতে হয়েছে।